দামুড়হুদার কার্পাসডাঙ্গায় দুই ফার্মেসী ব্যবসায়ীর ৫৫ হাজার টাকা জরিমানা

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা বাজারে ভোক্তা অধিকারের অভিযানে দুই ঔষধ ফার্মেসী ব্যাবসায়ীর ৫৫ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সকাল ১০টার দিকে চুয়াডাঙ্গা জেলা ভোক্তা অধিকারের সহকারী পরিচালক সজল আহমেদ এর নেতৃত্বে কার্পাসডাঙ্গা বাজারে মোবাইল কোর্ট পরিচালনা করে।

জানা যায় কার্পাসডাঙ্গা বাজারস্থ মেসার্স বিশ্বাস মেডিনোভা ফার্মেসিকে মেয়াদ উত্তীর্ণ ঔষধ রাখার অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষন আইন এর ৫১ ধারা মোতাবেক ৫০,০০০/- হাজার টাকা জরিমানা করেন ও কার্পাসডাঙ্গা বাজারস্থ হায়দার ফার্মেসিকে একই অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষন আইন মোতােঊশ ৫,০০০/-হাজার টাকা জরিমানা করেন। অভিযান পরিচালনায় সহায়তা করেন কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির এ এস আই মসলেম উদ্দীন সহ সঙ্গীয় ফোর্স।

দর্শনা পৌরসভার ২০২৩-২৪ অর্থ বছরের উন্মক্ত বাজেট ঘোষণা

দর্শনা পৌরসভার ২০২৩-২৪ অর্থ বছরের উন্মক্ত বাজেট ঘোষণা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বেলা সাড়ে ১১ টার দিকে দর্শনা পৌরসভার আয়োজনে পৌরসভার সম্মেলন কক্ষে এক বাজেট সভা অনুষ্ঠিত হয়।

২০২৩-২৪ অর্থ বছরে রাজস্ব ও বার্ষিক উন্নয়ন তহবিল হতে দর্শনা পৌরসভার (প্রস্তাবিত) বাজেট ঘোষনা করা হয়েছে মোট ২৬ কোটি ১

লক্ষ ৩ হাজার ৯১০ টাকা ৪৯ পয়সা ও ব্যায় ধরা হয়েছে ২৫ কোটি ৯৬ লক্ষ ১৫ হাজার ৮৪৪ টাকা।

এ উন্মক্ত বাজেট ঘোষণা অনুষ্ঠানে দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু’র সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে আলোচনা করেন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা আ.লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মাহফুজুর রহমান মনজু।

দর্শনা পৌরসভার ইঞ্জিনিয়ার সাজেদুল ইসলামের সঞ্চলনায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থেকে আলোচনা করেন, দর্শনা সরকারী কলেজের উপাধ্যক্ষ ডা. মফিজুর রহমান, দর্শনা সরকারী কলেজের সাবেক উপাধ্যক্ষ মোশারফ হোসেন, হাজী জাহিদুল ইসলাম, সমাজ সেবক হাজী আকমত আলী।

দর্শনা রেলবাজার ব্যবসায়ী কমিটির সভাপতি টিপু সুলতান, এরশাদ আলী মাষ্টার, দর্শনা সোনালী ব্যাংক শাখার ম্যানেজার আব্দুল লতিফ। এ সভায় আরো উপস্থিত ছিলেন, দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব ও দর্শনা পৌর আ.লীগের যুগ্ন সম্পাদক গোলাম ফারুক আরিফ, দর্শনা পৌর আ.লীগের সাবেক সভাপতি বীর মুক্তিযোদ্ধা শহিদুল ইসলাম, দর্শনা সিডিএলের পরিচালক আবু সুফিয়ান, আশরাফুল ইসলাম, দর্শনা রিকসা ও ভ্যান শ্রমিক ইউনিয়নের সভাপতি হবা জোয়ার্দার, সমাজ সেবক হাজী আব্দুল মমিন।

এছাড়াও উপস্থিত ছিলেন দর্শনা পৌরসভার কাউন্সিলর কর্মচারী সহ রাজনৈতিক, সমাজিক ও গণ্যমান্য ব্যাক্তিবর্গ।

দামুড়হুদায় একসঙ্গে জন্ম নেওয়া ৪ নবজাতক মধ্যে টিয়া নামের

নবজাতকের মৃত্যু

দামুড়হুদার বিষ্ণুপুর একসঙ্গে জন্ম নেওয়া ৪ নবজাতক দোয়েল কোয়েল ময়না ও টিয়ার মধ্যে টিয়া নামের নবজাতকের মৃত্যু হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বিকাল সাড়ে ৫ টার দিকে টিয়ার নানির বাড়ি আলমডাঙ্গার বন্দরভিটা থেকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেয়ার সময় পথের মধ্যে মৃত্যু হয়।

নিহত টিয়ার বাবা মাহাবুল জানান, আমার মেয়েগুলোকে দেখার জন্য শশুর বাড়ির লোকজনেরা আকুল হয়ে ছিল। তাই সেই আবদার রাখতে কোরবানি ঈদের চারদিন আগে গত ২৫শে জুন রবিবার দোয়েল,কোয়েল,ময়না, টিয়াকে নিয়ে মেয়ের মা ও আমি তাদের নানির বাড়িতে বেড়াতে গিয়েছিলাম। ঈদের তৃতীয় দিন টিয়ার শরীরে ঠান্ডাজনিত অসুস্থতা দেখা দেয়, তাৎক্ষণিক দেরি না করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে শিশু বিশেষজ্ঞ মাহবুবুর রহমান মিলন ডাক্তারকে দেখায়, এরপর আবারও শশুর বাড়িতে রেখে আমি বাড়িতে চলে আসি।আমি বাচ্চারগুলোর দুধ নিয়ে নিয়মিত দেখতে যাই। ডাক্তারের পরামর্শ ও প্রেসক্রিপশন অনুযায়ী নিয়মিত চিকিৎসা চলছিল টিয়ার।

গতকাল বৃহস্পতিবার বিকাল চারটার দিকে হটাৎ অসুস্থ হলে আমাকে কল দেয়,সাথে সাথে দেরি না করে আমি গিয়ে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেয়ার পথে মারা যায়। এরপর লাশ গ্রামের বাড়ি বিষ্ণুপুর দক্ষিণ পাড়ায় নিজ বাড়িতে আনা হয়। ইউএনও স্যারের জানিয়েছিলাম তিনি দাফন সম্পন্ন করার অনুমতি দিয়েছিলেন,বাদ মাগরিব বিষ্ণুপুর দক্ষিণ পাড়া কবরস্থানে দাফন করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতাকে ফোনে ঘটনাটি জানানো হয়, বিষয়টি শুনে তিনি খুব মর্মাহত হন। তিনি বলেন আমি চুয়াডাঙ্গায় ডিসির বদলি জনিত সংবর্ধনা অনুষ্ঠানে আছি। টিয়ার লাশ দাফনের জন্য পরিবারকে নির্দেশনা দেন ও পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানান এবং নিহতদের রুহের মাগফিরাত কামনা করেন। তিনি আজ শুক্রবার সকালে নিহত টিয়ার পরিবারেকে দেখতে আসবেন বলে জানিয়েছেন।

দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ব্যবস্থাপনা কমিটির সমন্বয় সভায় এমপি টগর

চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর বলেন, বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের প্রতিটি মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে কাজ করে চলেছেন। ডিজিটাল বাংলাদেশের স্বপ্নদ্রষ্টা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে স্মার্ট হবে দেশের স্বাস্থ্যসেবা। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আমাদের স্বাধীন ভূ-খণ্ড এবং সংবিধান উপহার দিয়েছেন।বঙ্গবন্ধুর নির্দেশিত পথে গত ১৪ বছরে দেশের স্বাস্থ্যসেবা খাতে উন্নয়ন করেছেন জননেত্রী শেখ হাসিনা।

আজ বৃহস্পতিবার বেলা সাড়ে ১১টার সময় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আয়োজনে হাসপাতালের সম্মেলন কক্ষে উপজেলা হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সভাপতি ও চুয়াডাঙ্গা ০২ আসনের সাংসদ সদস্য হাজী মো: আলী আজগার টগরের সভাপতিত্বে হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সমন্বয় সভা অনুষ্ঠিত হয়।

এসময় এমপি আরো বলেন, দেশের প্রতিটি জনগণের স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে বর্তমান সরকার বদ্ধপরিকর। দেশের তৃণমূল পর্যায়ে স্বাস্থ্য সেবা পৌঁছে দিতে দেশের সর্বত্র কমিউনিটি ক্লিনিক স্থাপন মাননীয় প্রধানমন্ত্রীর একটি মহতী উদ্যোগ। দামুড়হুদা হাসপাতালে সঠিকভাবে রোগীদের চিকিৎসা এবং তাদের সাথে সদ্ব্যবহার করা জন্য ডাক্তারদের তাগিদ দেন। দামুড়হুদা হাসপাতাল এর আগে চিকিৎসা সেবায় প্রথম স্থান অধিকার করেছিল। এ সময় তিনি উপজেলার যে সকল কমিউনিটি ক্লিনিকের সীমানা প্রাচীর নেই বা অসম্পূর্ণ রয়েছে সেগুলো অতি দ্রুত সম্পন্ন করার আশ্বাস প্রদান করেন। উপজেলার স্বাস্থ্য সেবাকে আরও ত্বরান্বিত করতে সরকারের পক্ষ থেকে সব ধরনের সাহায্য এবং সহযোগিতা করা হবে বলে জানান তিনি।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আলী মুনছুর বাবু, উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: হেলেনা আক্তার নিপা, দামুড়হুদা

উপজেলা ভাইস চেয়ারম্যান মোঃ শহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন,দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (অপেরশন) শফিউল আলম, সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, পারকৃষ্ণপুর মদনা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এসএম জাকারিয়া আলম, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, নতিপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন আলী, কুড়ালগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দিন, হাউলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ভারপ্রাপ্ত নিজাম উদ্দিন, দামুড়হুদা উপজেলা হাসপাতালের সকল ডাক্তার ও কর্মকর্তা কর্মচারী বৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদা উপজেলা আইন শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলা আইন শৃঙ্খলা, চোরাচালান, সন্ত্রাস ও নাশকতা, মানব পাচার এবং নারী ও শিশু নির্যাতন কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার সকাল ১০টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে মাসিক সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস,উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, দামুড়হুদা মডেল থানার ওসি অপারেশন শফিউল আলম, দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদ, উপজেলার বিজিবি ক্যাম্পের প্রতিনিধি বৃন্দ, উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জেল হক,উপজেলা আনসার ভিডিপি অফিসার রাফেজা খাতুন, উপজেলা যুব উন্নয়ন অফিসার আবদুল্লাহ আল মামুন, দর্শনা সরকারি কলেজের অবসরপ্রাপ্ত অধ্যক্ষ আব্দুল গফুর, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, উপজেলা ইসলামিক ফাউণ্ডেশনের ফিল্ড সুপারভাইজার মোছা: মারিয়া মাহবুবা, উজিরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সামসুন্নাহার, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী, পার কৃষ্ণপুর মদনা ইউপি চেয়ারম্যান এসএম জাকারিয়া আলম, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান

আব্দুল করিম বিশ্বাস, নতিপোতা ইউপি চেয়ারম্যান ইয়ামিন আলী, হাউলী ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান (২) শহিদুল ইসলামসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।

এসময় উপস্থিত বক্তারা বলেন, উপজেলার প্রতিটি ইউনিয়নের বাল্যবিবাহ প্রতিরোধ, নারী নির্যাতন, ইভটিজিং, গরু চুরি, জঙ্গিবাদ, সুদে কারবারি, ছিনতাইকারী, মাদক নিয়ন্ত্রণে কঠোর ভূমিকা ও পুলিশ সদস্যদের নিয়মিত টহল আরো জোরদারসহ নানা দিক নিয়ে আলোচনা হয়।

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখার মাদকবিরোধী অভিযান গাজাঁ সহ আটক-১

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখা (ডিবি) কর্তৃক মাদক বিরোধী অভিযানে ০৪ (চার) কেজি গাঁজা এবং গাঁজা বিক্রয়ের নগদ অর্থ ৬,০০০/- (ছয় হাজার) টাকা উদ্ধার সহ ০১ (এক) জনকে গ্রেফতার করা হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন এর দিকনির্দেশনায় জেলার প্রত্যেকটি থানা এলাকায় নিয়মিতভাবে মাদকবিরোধী অভিযান পরিচালিত হচ্ছে।

তারই ধারাবাহিকতায় চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জ মোহাম্মদ আবদুল আলীমের নেতৃত্বে এসআই(নিঃ)/ মোঃ আতিকুর রহমান সঙ্গীয় অফিসার-ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করে আজ মঙ্গলবার বিকাল সাড়ে চারটার সময় দর্শনা থানাধীন প্রতাপপুর নদীপাড়া গ্রামস্থ আসামির বসতবাড়ির উঠানে গাঁজা বিক্রয়কালে আসামি
১) মোছাঃ বেলী খাতুন (৩২), জং-মোঃ সোহেল, সাং-প্রতাপপুর নদীপাড়া, থানা-দর্শনা, জেলা-চুয়াডাঙ্গাকে গ্রেফতারপূর্বক তার হেফাজত হতে অবৈধ মাদকদ্রব্য ০৪ (চার) কেজি গাঁজা, মূল্য অনুমান-১,০০,০০০/- (এক লক্ষ) টাকা এবং গাঁজা বিক্রয়ের নগদ অর্থ ৬,০০০/- (ছয় হাজার) টাকা উদ্ধারপূর্বক জব্দ করে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় নিয়মিত মামলা রুজু করা হয়।

দামুড়হুদায় জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট; কুড়ালগাছি ইউনিয়ন একাদশ চ্যাম্পিয়ন

দামুড়হুদায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বালক (অনূর্ধ্ব-১৭) এর ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। ফাইনাল খেলায় দর্শনা পৌরসভা একাদশ কে হারিয়ে চ্যাম্পিয়ন হবার গৌরব অর্জন করেছে কুড়ালগাছি ইউনিয়ন একাদশ।

আজ মঙ্গলবার বিকেল ৪টার দিকে দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠে ফাইনাল খেলায় মুখোমুখি মাঠে নামে দর্শনা পৌরসভা একাদশ বনাম কুড়ালগাছি ইউনিয়ন একাদশ।

খেলার নির্ধারিত সময়ে উভয় দল ২-২গোল করে এবং ২য়আর্ধে দর্শনা পৌরসভা একাদশ ১টি অফসাইড গোল করলে রেফারি গোলটি বাতিল বলে গণ্য করলে দর্শনা পৌরসভা একাদশ মাঠের মধ্যে বিশৃঙ্খলা সৃষ্টি করে। এসময় টুর্নামেন্ট পরিচালনা কমিটি, উপজেলা প্রশাসন ও দর্শনা পৌরসভার প্যানেল মেয়র বিষয়টি সমাধানের চেষ্টা করে ব্যর্থ হয়। দর্শনা পৌরসভা একাদশের খেলোয়াড়রা মাঠ ছেড়ে বেরিয়ে যায়। পরে টুর্নামেন্ট পরিচালনা কমিটির সভাপতি ও দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা কুড়ুলগাছি ইউনিয়ন একাদশ কে আনুষ্ঠানিকভাবে চ্যাম্পিয়ন ঘোষণা করেন।
দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতার

সভাপতিত্বে ফাইনাল খেলার পুরষ্কার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, দামুড়হুদা মডেল থানার পরিদর্শক (অপারেশন)

সফিউল আলম, দর্শনা পৌরসভার প্যানেল মেয়র রবিউল হক সুমন, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দীন, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ। এসময় আরও উপস্থিত ছিলেন, উপজেলা শিক্ষা কর্মকর্তা সাকি সালাম, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসের সিএ ফয়জুল করিম, উপজেলা একাডেমিক সুপারভাইজার রাফিজুল ইসলাম, উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা রিয়াজুল ইসলাম ইউপি সদস্য হাসান আলী, মতিয়ার রহমান, ফরহাদ হোসেন প্রমুখ।

খেলায় রেফারির দায়িত্ব পালন করেন সৈয়দ মাসুদুর রহমান, সহকারী রেফারি ছিলেন সুবাস চন্দ্র, ইউসুফ আলী ও শহিদ আজম সদু। খেলায় ধারাভাষ্যকার ছিলেন শিক্ষক মোস্তাফিজুর রহমান, শামীম খাঁন ও জিয়া হায়দার। খেলার সার্বিক তত্বাবধানে ছিলেন টুর্নামেন্ট কমিটির সদস্য সচিব ও দামুড়হুদা উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম নুরুন্নবী।

কার্পাসডাঙ্গায় মাদক বিরোধী অভিযানে ৪৫পিচ ইয়াবাসহ গ্রেফতার ২

চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুনের সার্বিক দিকনির্দেশনায় অফিসার ইনচার্জ দামুড়হুদা মডেল থানা জনাব মোঃ সাইফুল ইসলামের নেতৃত্বে কার্পাসডাঙ্গা ক্যাম্পের এসআই (নিঃ) ইমরান হোসেন, এএসআই (নি:) বিপ্লব দাস, এএসআই (নি:) মোঃ মসলেম উদ্দিন সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী বিশেষ অভিযান পরিচালনা করেন।

গোপন সংবাদের ভিত্তিতে আজ (১১ জুলাই) মঙ্গলবার ভোর ৪ টা ১০ মিনিটের সময় রঘুনাথপুর বিশ্বাস পাড়া গ্রামের মোঃ আমির হোসেন ছেলে মোঃ আল মামুনুর রশিদ সোহাগ (৩৫) ও কার্পাসডাঙ্গা গ্রামের মৃত আঃ বারী স্ত্রী মোছাঃ হালিমা খাতুন (৩৩) কে বাড়ির সামনে পাকা রাস্তার উপর হইতে ৪৫ (পয়তাল্লিশ) পিচ ইয়াবাসহ হাতেনাতে

গ্রেফতার করে।

পুলিশ সূত্রে জানা গেছে গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়।

আলমডাঙ্গায় জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

আলমডাঙ্গায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (বালক অনূর্ধ্ব ১৭) খেলা উদ্বোধন করা হয়েছে ।

আজ সোমবার পাইলট সরকারি হাইস্কুলের বিটিম মাঠে ফুটবল টুর্নামেন্টের উদ্বোধনী খেলা অনুষ্ঠিত হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাসের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সালমুন আহম্মেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, সহকারী কমিশনার ভূমি রেজওয়ানা নাহিদ, আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বিপ্লব কুমার নাথ, পৌর প্যানেল মেয়র মজিবুল হক, প্রানী সম্পদ কর্মকর্তা ডা. আব্দুল্লাহিল কাফি, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার শামসুজোহা, মাধ্যমিক শিক্ষা অফিসার জিয়াউল হক, একাডেমিক সুপারভাইজার ইমরুল হক, উপজেলা প্রকল্প বাস্তবায় কর্মকর্তা এনামুল হক, রিসোর্স ইন্সটেক্টর জামাল হোসেন, ডাউকি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তরিকুল ইসলাম, বাড়াদি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তবারক হোসেন, উপজেলা ক্রীড়া সংস্থার সাধারন সম্পাদক খন্দকার জিহাদ-ই-জুলফিকার টুটুল। উদ্বোধনী খেলায় দু’দলের খেলোয়াড়দের উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস জার্সি উপহার দেন।

খেলা পরিচালনা করেন আবুল হাসান, জুয়েল রানা, রনি আহমেদ, মহসিন কামাল । উদ্বোধনী খেলায় ডাউকি ইউনিয়নকে ৮-১ গোলে পরাজিত করে বাড়াদি ইউনিয়ন জয়লাভ করে। অপর খেলায় কুমারী ইউনিয়নকে ৩-০ গোলে পরাজিত করে গাংনী ইউনিয়ন জয়লাভ করে।

উদ্বোধনী খেলায় আলমডাঙ্গা কলেজিয়েট স্কুলের অধ্যক্ষ শামিম রেজার উপস্থাপনায় অনুষ্ঠানটি পরিচালিত হয়। ধারাভাষ্যকার হিসেবে উপস্থিত ছিলেন হাফিজুর রহমান ও মীর রোকনউজ্জামান।

চুয়াডাঙ্গায় নবাগত জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা

চুয়াডাঙ্গায় নবাগত জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট হলেন ড. কিসিঞ্জার চাকমা। চুয়াডাঙ্গায় নতুন জেলা প্রশাসক হিসেবে নিয়োগ পেয়েছেন তিনি। এর আগে তিনি দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের উপসচিব ছিলেন।

রাস্ট্রপতির আদেশক্রমে উপসচিব ভাস্কর দেবনাথ বাপ্পি স্বাক্ষরিত প্রজ্ঞাপনে সোমবার এই আদেশ প্রদান করা হয়েছে।

এছাড়া মেহেরপুর, শেরপুর, জামালপুর, মুন্সীগঞ্জ, রংপুর, মানিকগঞ্জ, ও নারায়নগঞ্জ জেলা প্রশাসককে বদলি করা হয়েছে।